সিলসিলায়ে মাওয়ায়েযে হাসানাহ্ নং-১

## জান্নাতের দুই রাস্তা

# তাকওয়া ও তওবা

যারা একদম মুত্তাকী তারাও কামিয়াব।
যারা গুনাহ্ করে, পরে তওবা করেছে, তারাও কামিয়াব।
কেউ কামিয়াব হয়েছে তাকওয়ার রাস্তায়।
কেউ কামিয়াব হয়েছে তওবার রাস্তায়।


আরেফবিল্লাহ্ হযরত মাওলানা

**শাহ্ আবদুল মতীন বিন হুসাইন** ছাহেব

দামাত বারাকাতুহুম

খলীফায়ে আরেফবিল্লাহ্ হযরত মাওলানা শাহ্ হাকীম মুহাম্মদ আখতার ছাহেব (রঃ)

**পরিচালকঃ** খানকাহ চিশতিয়া এমদাদিয়া আশরাফিয়া

ইয়াদগার খান্‌কায়ে হাকীমুল উম্মত

৪৪/৬ ঢালকানগর, গেণ্ডারিয়া, ঢাকা- ১২০৪

**প্রতিষ্ঠাতা মোতাওয়াল্লী ও সভাপতি**

জামেআ হাকীমুল উম্মত, গুলশান-এ শাহ্ আখতার কমপ্লেক্স

হাকীমুল উম্মত নগর, দক্ষিণ কেরানীগঞ্জ, ঢাকা



প্রকাশনা ও পরিবেশনায়

**হাকীমুল উম্মত প্রকাশনী**

ইসলামী টাওয়ার, ১১ বাংলাবাজার, ঢাকা-১১০০

▸ মুত্তাকী থাকা তেমনি সহজ যেমন বা-উযূ (ওযূসহ) থাকা সহজ/৩২
▸ ঘর-বাড়ি ও আঙ্গিনা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার মত সদা দেহ-মন পবিত্র রাখা জরুরী/৩৩
▸ হারাম খাহেশাত বর্জনকারীর ঠিকানা জান্নাত/৩৪
▸ যার খাহেশাত নাই সে ওলীআল্লাহ্ হতে পারে না/৩৫
▸ গাওছে-আ'যম হওয়ার জন্যও খাহেশাতের (কুপ্রবৃত্তির) সঙ্গে লড়াই জরুরী/৩৫
▸ যে পাপের দুনিয়া চিনে-জানে কিন্তু দূরে থাকে, সেই ওলীআল্লাহ্/৩৫
▸ মনের অন্যায় চাহিদা দমন করেই মানুষ ওলীআল্লাহ্ হয়/৩৬
▸ পাপের অনিচ্ছাকৃত আগ্রহ জাগা হারাম নয়, তা বাস্তবায়ন করা হারাম/৩৬
▸ লক্ষ বার গুনাহ্র আগ্রহ জাগার পরও তা হতে বিরত থাকা লক্ষ লক্ষ তাহাজ্জুদ হতে শ্রেষ্ঠ/৩৭
▸ সুস্থ-সবল-সুঠাম দেহ এক মস্তবড় নে'মত/৩৭
▸ দেহের শক্তি-মত্তার অসৎ ব্যবহার না করাই তাক্ওয়া/৩৭
▸ যার খাহেশাতের নিয়ন্ত্রণ যত প্রচণ্ড সে তত উঁচুমানের ওলী/৩৮
▸ চলো হর্দমই জ্বলি (কবিতা)/৩৯-৪০

الحمد لله و كفى وسلام على عباده الذين اصطفى اما بعد:

فاعوذ بالله من الشيطان الرجيم

بسم الله الرحمن الرحيم

تُوْبُوْا اِلَى اللهِ جَمِيْعًا اَيُّهَا الْمُؤْمِنُوْنَ لَعَلَّكُمْ تُفْلِحُوْنَ

صدق الله مولانا العظيم

و قال رسول الله صلى الله تعالى عليه و سلم

الطُّهُوْرُ شَطْرُ الْاِيْمَانِ وَ قَالَ عليه الصلوة و السلام نَظِّفُوْا اَفْنِيَةَ بُيُوْتِكُمْ

أو كما قال رسول الله صلى الله تعالى عليه و سلم

## তওবাকারীকে আল্লাহ্‌পাক আদর করে কোলে তুলে নেন

আল্লাহ্ জাল্লাজালালুহূ ওয়া-আম্মা নাওয়ালুহূ কোরআনে-কারীমে বলেন, হে ঈমানওয়ালারা! তোমাদের সকলেরই কিছু না কিছু ভুল-ত্রুটি আছে। তোমাদের যতই ভুল-ত্রুটি থাক না কেন, তোমরা সবাই তওবা কর। তোমাদের পেয়ারা আল্লাহ্‌র দিকে সবাই তোমরা ছুটে আস। কেউ

বাদ যেয়ো না। কেউ বাকি থেকো না। تُوْبُوْا اِلَى اللّٰهِ جَمِيْعًا আহ্! এ আয়াতে আল্লাহ্পাকের কত সীমাহীন স্নেহ এবং মহব্বতের বহি:প্রকাশ। "সবাই তওবা কর, আমি তোমাদের সবাইকে মাফ করে দিব।"[১] কোরআনের বয়ান ও বাচনভঙ্গি ক্যায়ছা আযীমুশ্শান! تُوْبُوْا اِلَى اللّٰهِ সকলে মহান আল্লাহ্পাকের দিকে ফিরে আস। লজ্জিত হও। শরমিন্দা হও। হে আমার বান্দারা! যে যেই গুনাহে ডুবে গেছ, সেই গুনাহ ছেড়ে দিয়ে আমি মাওলার দিকে ছুটে আস না! فَفِرُّوْا اِلَى اللّٰهِ [২] হে আমার পেয়ারা বান্দারা! আমাকে বাদ দিয়ে তোমরা কোথায়, কোন্ সুদূরে চলে গেছ! যে যেখানেই আছ, যে যেই অন্যায়ে লিপ্ত হয়ে গেছ–গীবতের মধ্যে, কু-দৃষ্টিতে, যিনা-ব্যাভিচারে, শরাব-মদে, হারাম কাজে, সুদ-ঘুষে, যে কোন অন্যায়ে, যে কোন পাপাচারে–ছোট পাপ হোক, বড় পাপ হোক, হর কিসিমের অন্ধকারে এবং লা'নতে যারা ডুবে গেছ, হে আমার বান্দারা! এক-একজন বল ত তোমরা,

তোমার এই লা'নতী যিন্দেগী বেশি মজা, না তোমার মাওলা বেশি মজা?

তোমার আল্লাহ্ বেশি পেয়ারা, না তোমার গান্ধা জিনিস বেশি পেয়ারা?

তোমার আল্লাহ্ বেশি লয্যতওয়ালা, না তোমার গান্ধা জিনিস বেশি লয্যতওয়ালা?

আমার বান্দা! এ কোন্ দিকে ছুটছ তুমি?

تُوْبُوْا اِلَى اللّٰهِ "আল্লাহ্'র দিকে ফিরে আস" -এই আয়াতে আল্লাহ্পাক নিজেকে, 'নিজের মহান যাত্'কে পেশ করেছেন। যারা মু'মিন বান্দা, ঈমানওয়ালা বান্দা, তাদের যেন এই খেয়াল হয় যে, হায়! পেয়ারা মাওলাকে ছেড়ে আমি কোথায় চলে গেছি? আমি ত বহুত বড় গলত কাজ করে ফেলেছি। আমি ত বহুত ক্ষতিগ্রস্ত হয়ে গেছি। আহ্! দেখ ত দোস্ত! রব্বুল আলামীনের কালামের আন্দাজ কী! কী হৃদয়স্পর্শী তার বাচনভঙ্গি!

---

১. সূরা নূর, আয়াত নং ৩১
২. সূরা যারিয়াত, আয়াত নং ৫০